



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



প্রেস বিজ্ঞপ্তি

৮ মে ২০২২

দেশের অর্থনৈতিক উন্নয়ন ও দারিদ্র বিমোচনে কর্মমুখী শিক্ষার বিকল্প নেই।

উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা গড়তে রূপকল্প-২০৪১ বাস্তবায়নে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কাজ করে যাচ্ছে। এ জন্য সমাজের পিছিয়ে পড়া, অবহেলিত ও সুবিধাবঞ্চিতদের কর্মমুখী শিক্ষার মাধ্যমে দক্ষ জনগোষ্ঠীতে রূপান্তরিত করতে হবে। দেশের অর্থনৈতিক উন্নয়ন ও দারিদ্র বিমোচনে কর্মমুখী শিক্ষার বিকল্প নেই। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের রংপুর আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তা ও কর্মচারীদের সাথে ০৮ মে ২০২২ রবিবার মতবিনিময় কালে উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এসব কথা বলেন। মাননীয় উপাচার্য দেশের প্রান্তিক জনগোষ্ঠী, অবহেলিত ও সুবিধাবঞ্চিতদের দূরশিক্ষণের আওতাভুক্ত করতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের প্রতি আহবান জানান। এছাড়াও, বাউবি'র সাথে স্থানীয় সরকার ও প্রশাসনের নিবিড় যোগাযোগ এবং গণসংযোগের মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীসহ সকল স্তরের মানুষের মাঝে বাউবি'র কার্যক্রম ও শিক্ষা ব্যবস্থা তুলে ধরার জন্য গুরুত্ব আরোপ করেন। শিক্ষার্থীদের সেবার মান বৃদ্ধিতেও তিনি নানা দিকনির্দেশনা দেন।



মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

মাঠ পর্যায়ের কর্মকর্তাদের বিভিন্ন সমস্যা তিনি ধৈর্য সহকারে শোনে এবং এ সম্পর্কিত সমাধান ও করণীয় নিয়ে আলোকপাত করেন। অনুষ্ঠানে পঞ্চগড়, ঠাকুরগাঁও, দিনাজপুর, সৈয়দপুর, নীলফামারী, লালমনিরহাট ও কালীগঞ্জ উপ-আঞ্চলিক কেন্দ্রের প্রধানগণসহ আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। রংপুর আঞ্চলিক কেন্দ্রের পক্ষ থেকে উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতারকে ফুল দিয়ে বরণ, উত্তরীও পরিধান এবং ক্রেস্ট প্রদান করা হয়। মতবিনিময় শেষে তিনি আঞ্চলিক কেন্দ্রের ক্যাম্পাসে একটি থাই জামুরা গাছ রোপণ করেন। মতবিনিময় সভায় সভাপতিত্বে করেন বাউবি'র রংপুর আঞ্চলিক কেন্দ্রের পরিচালক মোঃ ওয়াহিদুজ্জামান আহমেদ ও সঞ্চালনা করেন সহকারী আঞ্চলিক পরিচালক মোঃ আবু সায়েম।

স্বাক্ষর

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল ০১৭১২৫৯৯৫০৮